

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

www.bb.org.bd

এফ, ই সার্কুলার নং-১৩

পৌষ ০৬, ১৪১৯
তারিখ : -----
ডিসেম্বর ২০, ২০১২

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

বিভিন্ন ধরনের প্রনোদনা প্রদানের নীতিমালা বাস্তবায়নে সময়সীমা নির্ধারণ প্রসঙ্গে।

শিরোনামীয় বিষয়ে জারীকৃত এফ, ই সার্কুলার নং ১৫, তারিখ: সেপ্টেম্বর ০৮, ২০০৯ এর প্রতি আপনাদের
দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সরকার কর্তৃক এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা বাবদ রপ্তানিকারকগণের
প্রাপ্য অর্থ যথাসময়ে প্রদানের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয় হতে এ খাতের বাজেটে বরাদ্দকৃত অর্থ ৪ টি সমান কিস্তিতে প্রতি
অর্থ বছরের প্রত্যেক Quarter এর প্রথম সপ্তাহে ছাড় করা হবে। এ সিদ্ধান্তের প্রেক্ষিতে অনুমোদিত ডিলার ব্যাংক
কর্তৃক রপ্তানিকারককে রপ্তানি ভর্তুকি/নগদ সহায়তা বাবদ ৭০% অগ্রিম প্রদানের বাধ্যবাধকতা প্রত্যাহার করা হলো।
তবে এ বিষয়ে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ব্যাংক কর্তৃপক্ষ স্বীয় বিবেচনায় ব্যবস্থা নিতে পারবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিতকরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ গোলাম হায়দার)

উপ মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০০৯২